শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৫০.১৯.১৮৭ তারিখ: ৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

বিষয়: **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, সিলেট কর্তৃক বাস্তবায়নাধীন “সিলেট জেলার বিশ্বনাথ-বালাগঞ্জ-ওসমানীনগর উপজেলায় ১৩৯টি আর্সেনিকমুক্ত নলকূপ স্থাপন ও ভূ-উপরিস্থ পানি ব্যবহারের জন্য বিশ্বনাথ উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন ০২ (দুই) টি পুকুর (কালিগঞ্জ ও দিঘলী) খনন” শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রশাসনিক অনুমোদন আদেশ জারি সংক্রান্ত।**

সূত্র: বিসিসিটি হতে প্রাপ্ত পত্র নং-২২.০৬.০০০০.১২২.১৪.২৩.১৯-১৩৫ ও তারিখঃ ০৩/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, সিলেট কর্তৃক বাস্তবায়নাধীন “সিলেট জেলার বিশ্বনাথ-বালাগঞ্জ-ওসমানীনগর উপজেলায় ১৩৯টি আর্সেনিকমুক্ত নলকূপ স্থাপন ও ভূ-উপরিস্থ পানি ব্যবহারের জন্য বিশ্বনাথ উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন ০২ (দুই) টি পুকুর (কালিগঞ্জ ও দিঘলী) খনন” শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রকল্প প্রস্তাব গত ০৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৫৪তম ভার্চুয়াল সভায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং তা অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত হয়। এ অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৫৪তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো। অনুমোদিত সংশোধিত প্রকল্পের এক প্রস্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

প্রকল্পের মূল মেয়াদ: জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।
প্রকল্পের ১ম সংশোধিত মেয়াদ: জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত।
বাস্তবায়নকারী সংস্থা: জেলা পরিষদ, সিলেট।

প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেমওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র: নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ১.৫০ |
| ০২ | ৪৮২৭ | মুদ্রণ ও বাঁধাই | ০.৭৫ |
| ০৩ | ৪৮২৮ | ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প | ০.৭৫ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ৩.০০ |
| ০১ | ৭০৪৭ | নলকূপ স্থাপন | ১৫০.৪৭৯৫ |
| ০২ | | পুকুর খনন | |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ১৯৭.০০ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ২০০.০০ |

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে। প্রকল্পের কাজ শুরুর পূর্বে (pre-work) এবং কাজ চলাকালীন (post work) এর স্থির চিত্র/ভিডিও সংরক্ষণ করতে হবে ;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোনো অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্ কপি bcctmoef@hotmail.com এ ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। বিদ্যমান জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

২৯-৮-২০২১
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
(অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্তসহ)।

ফোন: ৯৫৪০২৪৬
ফ্যাক্স: ৯৫৪০২১০
ইমেইল: mazed1968@gmail.com

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৫০.১৯.১৮৭/১

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।

৩) জেলা প্রশাসক, সিলেট (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৬) সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৭) উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ/বালাগঞ্জ/ওসমানীনগর, সিলেট।

৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯-৮-২০২১
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব